



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড,
বরিশাল

স্মারক নং : বশিবো/কলেজ/অনু: ২০২৪/ ৪২৫৬

তারিখ : ০৬.০৮.২০২৪

বিষয় : ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষের একাদশ শ্রেণির অনলাইনের মাধ্যমে ভর্তিতে ভর্তির সময়সীমা পুনরায় বৃদ্ধি ও ক্লাশ শুরুর তারিখ প্রসঙ্গে।

সূত্র : আন্তঃশিক্ষাবোর্ড সমন্বয় কমিটি : স্মারক নং - বিবিধ/কলেজ/২০২০/১৩১০ তারিখ ০৬.০৮.২০২৪।

উল্লিখিত বিষয় ও সূত্রের আলোকে সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, একাদশ শ্রেণিতে অনলাইনের মাধ্যমে নির্বাচিত শিক্ষার্থীদের কলেজে ভর্তির সময়সীমা আগামী ০৭.০৮.২০২৪ তারিখ বুধবার পর্যন্ত পুনরায় বৃদ্ধি করা হয়েছে।

উল্লেখ্য, ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষের একাদশ শ্রেণির অনলাইনে ভর্তিকৃত শিক্ষার্থীদের ক্লাশ আগামী ০৮.০৮.২০২৪ তারিখ (বৃহস্পতিবার) থেকে শুরু হবে।

প্রফেসর মো: ইউনুস আলী সিদ্দিকী

চেয়ারম্যান

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড
বরিশাল।



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, বরিশাল

স্মারক নং: বশিবো/কলেজ/অনু: ২০২৪/ ৪২৫৬(ক)

তারিখ: ০৬.০৮.২০২৪

বিষয়: ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে সর্বশেষ ৪র্থ পর্যায়ে online এর মাধ্যমে ভর্তির আবেদন, ফল প্রকাশ, ভর্তি নিশ্চায়ন ও কলেজ ভর্তির সময়সূচি এবং ক্লাশ শুরু সংক্রান্ত বিজ্ঞপ্তি।

উপরোক্ত বিষয়ের আলোকে মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড বরিশাল এর উচ্চমাধ্যমিক শ্রেণিতে পাঠদানরত সকল প্রতিষ্ঠানের অধ্যক্ষ/ প্রতিষ্ঠান প্রধান মহোদয় এবং অভিভাবকগণকে জানানো যাচ্ছে যে, ভর্তির জন্য নিম্নোক্ত সময়সূচি অনুযায়ী আবেদন এবং ভর্তি সংক্রান্ত অন্যান্য কাজ সমাধা করতে হবে।

২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে ৪র্থ এবং সর্বশেষ ধাপে যে সকল শিক্ষার্থী আবেদন করতে পারবে:

০১. যে সকল শিক্ষার্থী পূর্বে আবেদন করতে পারেনি বা আবেদন করেও কোন কলেজ সিলেকশন পায়নি।
০২. যে সকল শিক্ষার্থী চূড়ান্ত মনোনয়ন পাওয়ার পরেও কোন কারণে কলেজে নির্ধারিত সময়ের মধ্যে ভর্তি হতে পারেনি কিংবা নিশ্চায়ন করতে পারেনি।

২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে সর্বশেষ ৪র্থ পর্যায়ে online এর মাধ্যমে ভর্তির জন্য নিম্নোক্ত সময়সূচি অনুসরণ করতে হবে -

ক্রম	বিষয়	তারিখ
০১.	৪র্থ ধাপের (সর্বশেষ পর্যায়ের) আবেদন গ্রহণ	১১.০৮.২০২৪ থেকে ১৪.০৮.২০২৪ বুধবার রাত ১১:০০ টা পযন্ত
০২.	৪র্থ ধাপের (সর্বশেষ পর্যায়ের) আবেদনের ফল প্রকাশ	১৭.০৮.২০২৪ শনিবার রাত ৮:০০ টা।
০৩.	৪র্থ ধাপের (সর্বশেষ পর্যায়ের) শিক্ষার্থীদের Selectio নিশ্চায়ন	১৮.০৮.২০২৪ থেকে ১৯.০৮.২০২৪ রাত ৮:০০ টা পযন্ত
০৪.	কলেজ ভর্তি	২০.০৮.২০২৪ মঙ্গলবার।

প্রফেসর মো: ইউনুস আলী সিদ্দিকী

চেয়ারম্যান

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড
বরিশাল।

অধ্যক্ষ/ প্রতিষ্ঠান প্রধান
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড বরিশাল এর
উচ্চমাধ্যমিক স্তরের পাঠদানরত সকল প্রতিষ্ঠান।